



Press Release

Date: 09 March 2026

Bangladesh Bank simplifies share transfer, repatriation for foreign investors

Bangladesh Bank has issued a new master circular to simplify and rationalise the transfer of shares and repatriation of sale proceeds in favour of non-residents in private and public limited companies not listed on the stock exchanges.

Issued as EID Circular No. 01 on 8 March 2026, the circular consolidates and updates earlier guidelines issued in 2018 and 2020, making the process more predictable, efficient and transparent for investors while maintaining regulatory safeguards.

The key reforms include greater autonomy for AD banks, higher transaction thresholds, simplified valuation and reporting procedures, faster processing timelines, and institutional mechanisms within banks to review valuation and repatriation requests (Table 1).

Earlier, a high-level Capital Repatriation Committee formed jointly by BIDA and Bangladesh Bank, and headed by BIDA Executive Member Nahian Rahman Rochi, finalised the reform package on 19 November 2025 to streamline valuation and approvals.

“An optimum environment for foreign investment is one where investors can move with confidence at every stage of the investment cycle. By reducing regulatory approval requirements, allowing faster repatriation of sale proceeds, simplifying valuation and documentation procedures, and making the investment exit process more predictable, Bangladesh is moving in that direction. This is what we consider the foundation of an optimum environment for foreign investment,” said Ashik Chowdhury, Executive Chairman, BIDA.

Table 1: Simplified Comparison of the 2018 and 2020 Circulars with the 2026 Master Circular

Policy Area	Previous Circulars (2018 & 2020)	Current Master Circular (2026)
Approval from Bangladesh Bank	Most share transfer and repatriation cases required prior approval from Bangladesh Bank, with limited delegation to AD banks in certain cases.	Expanded authority for Authorized Dealer (AD) banks to process many transactions without prior approval from Bangladesh Bank.
Threshold Without Independent Valuation	No independent valuation required for transactions up to BDT 10 million (earlier threshold was BDT 1 million in 2018).	No independent valuation required up to BDT 10 million, subject to joint declaration by buyer and seller.
Transactions Requiring Independent Valuation	AD banks could process transactions above BDT 10 million up to BDT 100 million with independent valuation and post-	AD banks can process transactions up to BDT 1 billion with independent valuation using prescribed valuation methods.

Policy Area	Previous Circulars (2018 & 2020)	Current Master Circular (2026)
	facto reporting.	
Net Asset Value (NAV)-Based Transactions	NAV-based valuation accepted, but approvals often required from Bangladesh Bank depending on transaction size.	AD banks may directly process transactions where the deal value does not exceed NAV based on audited financial statements.
Valuation Methods	Fair value generally determined using Net Asset Value (NAV), Market Value, or Discounted Cash Flow (DCF) methods.	Same valuation methods retained with clearer valuation guidelines and documentation requirements.
Processing Timeline	No standardized timeline for processing share transfers or repatriation.	Defined timelines introduced: share transfer within 45 days and repatriation within 5 working days by AD banks if documentation is complete.
Institutional Review Mechanism	No formal internal review structure required at AD bank level.	AD banks required to establish internal committees (led by senior management) to review valuation and repatriation cases.
Reporting to Bangladesh Bank	Applications submitted to Bangladesh Bank or reported post-facto depending on transaction size.	Post-facto reporting within 14 days for transactions processed by AD banks.
Policy Objective	Establish procedures for foreign investors to transfer shares and repatriate proceeds, with a cautious approval-based approach.	Simplification, delegation, and faster processing to facilitate easier exit for foreign investors and improve the investment climate.

প্রেস রিলিজ

০৯ মার্চ, ২০২৬

বিদেশি বিনিয়োগকারীদের শেয়ার হস্তান্তর ও বিক্রয়মূল্য প্রত্যাবর্তন সহজ করল বাংলাদেশ ব্যাংক

বিদেশি বিনিয়োগকারীদের শেয়ার হস্তান্তর ও বিক্রয়মূল্য অর্থ দেশে প্রত্যাবর্তন বা রিপ্যাট্রিয়েশন (Repatriation) এর প্রক্রিয়া সহজ করেছে বাংলাদেশ ব্যাংক। এ বিষয়ে একটি নতুন মাস্টার সার্কুলার জারি করা হয়েছে, যার মাধ্যমে বেসরকারি ও পাবলিক লিমিটেড কিন্তু শেয়ারবাজারে তালিকাভুক্ত নয়, এমন কোম্পানিগুলোতে অ-নিবাসী (non-residents) বিনিয়োগকারীদের শেয়ার হস্তান্তর এবং বিক্রয়মূল্য প্রত্যাবাসনের প্রক্রিয়া আরও সহজ ও স্বচ্ছ করা হয়েছে।

এই প্রেক্ষিতে, বাংলাদেশ ব্যাংক গতকাল ৮ মার্চ ২০২৬ তারিখে ইআইডি সার্কুলার নং ০১ জারি করে এই মাস্টার সার্কুলার প্রকাশ করেছে। সার্কুলারে ২০১৮ ও ২০২০ সালে জারি করা আগের নির্দেশনাগুলো একত্র করে হালনাগাদ করা হয়েছে। নতুন নির্দেশনায় বিনিয়োগকারীদের জন্য প্রক্রিয়াটি আরও পূর্বানুমানযোগ্য, কার্যকর ও স্বচ্ছ করার পাশাপাশি প্রয়োজনীয় নিয়ন্ত্রক সুরক্ষাও বজায় রাখা হয়েছে।

নতুন সার্কুলারে অনুমোদিত ডিলার (এডি) ব্যাংকগুলোর ক্ষমতা বৃদ্ধি, লেনদেনের সীমা বাড়ানো, মূল্যায়ন ও প্রতিবেদন পদ্ধতি সহজ করা, দ্রুত প্রক্রিয়াকরণের সময়সীমা নির্ধারণ এবং ব্যাংকের অভ্যন্তরে মূল্যায়ন ও অর্থ প্রত্যাবর্তন (Repatriation) সংক্রান্ত আবেদন পর্যালোচনার জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গঠনের মতো গুরুত্বপূর্ণ সংস্কার অন্তর্ভুক্ত করা হয়েছে।

এর আগে বিদেশি বিনিয়োগকারীদের শেয়ার হস্তান্তর ও অর্থ প্রত্যাবর্তন (Repatriation) প্রক্রিয়া সহজ করতে বিডা ও বাংলাদেশ ব্যাংকের যৌথ উদ্যোগে একটি উচ্চপর্যায়ের ক্যাপিটাল রিপ্যাট্রিয়েশন কমিটি গঠন করা হয়। বিডার নির্বাহী সদস্য নাহিয়ান রহমান রচি'র নেতৃত্বে গঠিত এই কমিটি গত বছরের ১৯ নভেম্বর সংস্কার প্যাকেজটি চূড়ান্ত করে।

এ প্রসঙ্গে, বিডার নির্বাহী চেয়ারম্যান জনাব আশিক চৌধুরী বলেন, “বিদেশি বিনিয়োগের জন্য ভালো পরিবেশ তখনই তৈরি হয়, যখন বিনিয়োগকারীরা বিনিয়োগের প্রতিটি ধাপে আত্মবিশ্বাসের সঙ্গে এগোতে পারেন। অনুমোদনের জটিলতা কমিয়ে আনা, বিক্রয়লব্ধ অর্থ সহজে দেশে ফেরত নেওয়ার সুযোগ দেওয়া, মূল্যায়ন ও প্রয়োজনীয় নথিপত্রের প্রক্রিয়া সরল করা এবং বিনিয়োগ থেকে প্রস্থানের ধাপগুলো সহজ করার মাধ্যমে বাংলাদেশ সেই লক্ষ্যেই এগোচ্ছে। এ ধরনের উদ্যোগই বিদেশি বিনিয়োগের জন্য একটি ভালো ও আস্থার পরিবেশ গড়ে তোলার মূল ভিত্তি।”

নতুন নির্দেশনা অনুযায়ী এখন অনেক ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ছাড়াই অনুমোদিত ডিলার ব্যাংকগুলো শেয়ার হস্তান্তর ও অর্থ প্রত্যাবর্তন (Repatriation) প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে। ১ কোটি টাকা পর্যন্ত লেনদেনের ক্ষেত্রে স্বাধীন মূল্যায়ন ছাড়াই ক্রেতা ও বিক্রেতার যৌথ ঘোষণার ভিত্তিতে লেনদেন সম্পন্ন করা যাবে। নির্ধারিত মূল্যায়ন পদ্ধতি অনুসরণ করে এডি ব্যাংকগুলো এখন ১০০ কোটি টাকা পর্যন্ত লেনদেন প্রক্রিয়া করতে পারবে।

এ ছাড়া অডিট করা আর্থিক বিবরণীর ভিত্তিতে নিট সম্পদমূল্য (এনএভি) অনুযায়ী চুক্তির মূল্য নির্ধারিত হলে অনেক ক্ষেত্রেই এডি ব্যাংক সরাসরি লেনদেন প্রক্রিয়া করতে পারবে। মূল্যায়নের ক্ষেত্রে Net Asset Value (এনএভি), বাজারমূল্য বা ডিসকাউন্টেড ক্যাশ ফ্লো (ডিসিএফ) পদ্ধতি বহাল রাখা হয়েছে, তবে এ বিষয়ে নির্দেশনা আরও স্পষ্ট করা হয়েছে।

নতুন সার্কুলারে প্রক্রিয়া সম্পন্নের নির্দিষ্ট সময়সীমাও নির্ধারণ করা হয়েছে। প্রয়োজনীয় নথিপত্র সম্পূর্ণ থাকলে শেয়ার হস্তান্তর ৪৫ দিনের মধ্যে এবং বিক্রয়লব্ধ অর্থ প্রত্যাবর্তন (Repatriation) পাঁচ কর্মদিবসের মধ্যে সম্পন্ন করতে হবে। পাশাপাশি প্রতিটি এডি ব্যাংককে জ্যেষ্ঠ ব্যবস্থাপনার নেতৃত্বে অভ্যন্তরীণ কমিটি গঠন করে এসব মূল্যায়ন ও অর্থ প্রত্যাবর্তন সংক্রান্ত আবেদন পর্যালোচনা করতে হবে।

এডি ব্যাংকগুলো যেসব লেনদেন প্রক্রিয়া করবে, সেগুলোর বিষয়ে ১৪ দিনের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রতিবেদন জমা দিতে হবে। এসব পদক্ষেপের ফলে বিদেশি বিনিয়োগকারীদের জন্য বিনিয়োগ থেকে বেরিয়ে যাওয়ার প্রক্রিয়া সহজ হবে এবং বাংলাদেশের সামগ্রিক বিনিয়োগ পরিবেশ আরও উন্নত হবে।

Regards

Proshanta Kumar Mandal

Public Relations Officer (PRO)

Bangladesh Investment Development Authority (BIDA)

Chief Adviser's office

Phone: +880 1784-647079

Email: pkkmandal@gmail.com